



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণসুরমা, সিলেট।

e-mail: sbcontroller16@gmail.com

স্মারক নং : সিশিবো/পরীক্ষা/মাধ্যঃ/২০২৬/৯৪৫

তারিখ : ৩০ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ
১৩ এপ্রিল, ২০২৬ খ্রি.


সংশোধিত বিজ্ঞপ্তি

বিষয় : আসন্ন এসএসসি/দাখিল/কারিগরি পরীক্ষা-২০২৬ সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে সকল কেন্দ্র সচিবদের মতবিনিময় সভার সময় পরিবর্তন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনার প্রেক্ষিতে আসন্ন এসএসসি/দাখিল/কারিগরি পরীক্ষা-২০২৬ সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট কর্তৃক সিলেট বিভাগের আওতাধীন সকল এসএসসি/দাখিল/কারিগরি পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিবদের নিয়ে আগামী ১৫/০৪/২০২৬খ্রি. বুধবার দুপুর ১২.০০ ঘটিকার পরিবর্তে সকাল ১০.০০ ঘটিকায় জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড এর অডিটোরিয়াম, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট-এ অনুষ্ঠিত হবে। উক্ত মতবিনিময় সভায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ড. আনাম হুসেইন মিলন এমপি মহোদয় উপস্থিত থাকার জন্য সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

উক্ত মতবিনিময় সভায় সিলেট বিভাগের আওতাধীন সকল এসএসসি/দাখিল/কারিগরি পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিবদের যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।


১৬.০৪.২০২৬

(প্রফেসর বিলকিস ইয়াছমীন)
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

কেন্দ্র সচিব

সিলেট বিভাগের আওতাধীন ২০২৬ সালের সকল এসএসসি/দাখিল/কারিগরি পরীক্ষা কেন্দ্র।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রদান করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিভাগীয় কমিশনার, সিলেট।
- ২। জেলা প্রশাসক, সিলেট/মৌলভীবাজার/সুনামগঞ্জ/হবিগঞ্জ (তঁার জেলার অধীনস্থ সকল উপজেলা নির্বাহী কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)।
- ৩। পুলিশ সুপার, সিলেট/মৌলভীবাজার/সুনামগঞ্জ/হবিগঞ্জ (তঁার জেলার অধীনস্থ সকল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)।
- ৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট।
- ৫। জেলা শিক্ষা অফিসার, সিলেট/মৌলভীবাজার/সুনামগঞ্জ/হবিগঞ্জ।
- ৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ৭। অফিস কপি।